# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টা: ২২,০০০-৫৩,০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগে ০১টি শূন্য ডেমোনস্ট্রেটর পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-৫ স্কেলে নূন্যতম ৩.৫০ এবং সিজিপিএ-৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং/টেলিকমিউনিকেশন্স/ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই)/ ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। যেকোন একটি স্বনামধন্য টেলিভিশন চ্যানেলে সম্প্রচার প্রকৌশল বা স্টুডিও ব্যবস্থাপনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রর্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। একইসাথে অডিওভিজ্যুয়াল প্রোডাকশন নির্মানে প্রশিক্ষণ, দক্ষতা ও অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হতে পারে। শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্ত দরখাস্ত আগামী **২৩-০৪-২০২৬** তারিখের মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে।

Balarat